দৈনিক ইত্তেফাক

তারিখ 14 JUL 1994
পৃষ্ঠা ১ কলাম ৮

23

# বরিশাল মেডিকেল কলেজে আজ ক্লাস শুরু

বরিশাল অফিস ।। দীর্ঘ তিন মাস বন্ধ থাকার পর আজ (বৃহস্পতিবার) হইতে শেরে বাংলা মেডিকেল কলেজে ক্লাস শুরু হইতেছে। তবে নূতন বর্ষের (২৫তম ব্যাচ) ক্লাস শুরুতে

(১১শ পৃ: ৮-এর ক: দ্র:)

## বরিশাল মেডিকেল কলেজে

(১ম পৃ: পর)

আরও বিলম্ব হইবে। গত ফেব্রুয়ারীতে ঐ ব্যাচের ক্লাস শুরুর কথা ছিল। নবাগতদের দলে ভিড়াইবার প্রতিযোগিতায় কলেজের ছাত্র সংগঠনগুলির মধ্যে সংঘর্ষে দুইবার কলেজ বন্ধ ঘোষণা করিতে হয়। কলেজ ক্যাম্পাসে তিন বছরের জন্য ছাত্র রাজনীতি বন্ধ করিয়া কলেজ খোলার সিদ্ধান্ত ঘোষণা করা হইয়াছে। ছাত্রাবাসগুলিকে ছাত্র সংগঠনের ঘাঁটি হিসাবে ব্যবহারের দীর্ঘদিনের প্রবণতা ভাঙ্গিয়া দিয়া নূতনভাবে সিট বন্টন হইয়াছে। সেশনজট কাটাইয়া উঠার জন্য বন্ধের দিনগুলিতেও ক্লাস চালাইবার চিন্তা-ভাবনা করা হইতেছে।